গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীপুর, মাগুরা
www.sreepur.magura.gov.bd

**মাগুরা জেলার শ্রীপুর উপজেলায় ৪৭ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাজমুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>শ্রীপুর, মাগুরা |
| তারিখ | : | ০১.০৪.২০২৬ খ্রি., সময় : সকাল-১০.০০ টা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শ্রীপুর, মাগুরা। |

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি উপজেলা পর্যায়ে ৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকার ১০.০৩.২০২৬ খ্রি. তারিখের ৩৯.০৩.০০০০.০০২.৩৫.০০১.২৫-৭১(২৬২) নম্বর পত্র এবং এতদসংক্রান্ত নির্দেশনাবলী পাঠ করে শোনান। ৪৭তম জাতীয় বিজ্ঞান প্রযুক্তি সপ্তাহ সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজন করার বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দের মতামত আহবান করা হয়। জনাব মো: আব্দুল গণি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা বলেন যে, সর্বোচ্চ সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সরাসরি অংশগ্রহণের মাধ্যমে আগামী ০৮.০৪.২০২৬ এবং ০৯.০৪.২০২৬ খ্রি: তারিখ ০২ (দুই) দিন ব্যাপী ৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহর আয়োজন করা যেতে পারে। সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। সভায় উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি গঠন, বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন এবং বিজ্ঞান মেলার প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করার বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয় ;

**১। সিদ্ধান্ত :- বিজ্ঞান মেলা আয়োজনের ভেন্যু , তারিখ, ও সময় নির্ধারণ** : শিক্ষার্থীদের সর্বোচ্চ উপস্থিতি নিশ্চিত করে সরাসরি অংশগ্রহণের মাধ্যমে আগামী ০৮ ও ৯ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ ০২(দুই) দিনব্যাপী শ্রীপুর মিনি স্টেডিয়ামে ৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। সিদ্ধান্ত :- প্রতিপাদ্য বিষয়** : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকার ১০.০৩.২০২৬ খ্রি. তারিখের ৩৯.০৩.০০০০.০০২.৩৫.০০১.২৫-৭১(২৬২) নম্বর পত্রের আলোকে " উদ্ভাবননির্ভর বাংলাদেশ গঠনে বিজ্ঞান ও প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়।

**৩। সিদ্ধান্ত :- (ক) বিজ্ঞান মেলা আয়োজন** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ পালনের অংশ হিসেবে বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারীদের ০৩ (তিন)টি গ্রুপে ভাগ করা হবে। হাইস্কুল ও সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও স্কুল ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ জুনিয়র গ্রুপ হিসেবে চিহ্নিত হবে। কলেজ ও সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও কলেজ ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ সিনিয়র গ্রুপ হিসেবে চিহ্নিত হবে। শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক বিজ্ঞান ক্লাব ব্যতীত অন্যান্য বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ, তরুণ ও অপেশাদার বিজ্ঞানীগণ, উদ্ভাবকগণ এবং ব্যক্তিগত পর্যায়ে সরকারি, আধা সরকারি ও বেসরকারী অংশগ্রহণকারীগণ বিশেষ গ্রুপ হিসেবে চিহ্নিত হবে। সাধারণত জুনিয়র ও সিনিয়র গ্রুপের একটি প্রকল্প ০১ (এক) জন শিক্ষার্থী উপস্থাপন করতে পারবে। তবে প্রকল্পের আকার বড় হলে অনধিক ০২ (দুই) জন শিক্ষার্থী উপস্থাপন করতে পারবে। বিশেষ গ্রপের ০১ (এক) টি প্রকল্প ০১ (এক) জন ব্যক্তিই উপস্থাপন করবে। সভায় বিস্তারিত আলোচান্তে জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপে মেলার আয়োজন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

CS CamScanner

**(খ) মেলা ব্যবস্থাপনা ও সাজ-সজ্জা উপ-কমিটি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-**

| ক্র: নং | কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর | পদবী ও কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | জনাব মো: নাজমুল ইসলাম<br>মোবাইল-০১৭৩৩-৩৯৯৭৮২ | উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, মাগুরা | আহবায়ক |
| ২ | জনাব মো: আব্দুল গণি<br>মোবাইল : ০১৭১২৯৫৯৩৯৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৩ | জনাব আহমেদ মাহফুজ<br>মোবাইল : ০১৭১১১৪১৪৮৬ | উপজেলা আইসিটি অফিসার, শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৪ | জনাব মো: মুস্তাফিজুর রহমান<br>মোবাইল : ০১৯১১০৪৩৭৩০ | প্রকল্প কর্মকর্তা, বিআরডিবি, শ্রীপুর, মাগুরা | সদস্য |

**কমিটির কার্যপরিধি :**

(ক) বিজ্ঞান মেলায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষা প্রতিষ্ঠানের নামে ব্যানার তৈরি ও সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নামের তালিকা আগামী ০৬.০৪.২০২৬ খ্রি. তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা দাখিল করবেন।

(খ) কমিটি বিজ্ঞান মেলায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে ০৭.০৪.২০২৬খ্রি. তারিখের মধ্যে ষ্টল বরাদ্দ সম্পন্ন করবেন।

**(গ) প্রকল্প মূল্যায়ন (সিনিয়র ও বিশেষ গ্রুপ) উপ-কমিটি :-**

| ক্র: নং | কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর | পদবী ও কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | জনাব মো: হুমায়ুন কবীর<br>মোবাইল : ০১৭০১২৩৮৬১৯ | উপজেলা কৃষি অফিসার, শ্রীপুর, মাগুরা | আহবায়ক |
| ২ | জনাব মো: মামুন খান<br>মোবাইল : ০১৭৫৭০২৬৪৬৭ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৩ | জনাব মো: আব্দুল গণি<br>মোবাইল : ০১৭১২৯৫৯৩৯৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৪ | জনাব বাকী বিল্লাহ<br>মোবাইল : ০১৭২৫৭১৬৭৭৯ | একাডেমিক সুপার ভাইজার<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীপুর, মাগুরা | সদস্য |

**কমিটির কার্যপরিধি :-**

(ক) উপজেলা পর্যায়ের বিজ্ঞান মেলাকে আকর্ষণীয় করার জন্য আগের বছরের প্রকল্পগুলোকে চিহ্নিত করতে হবে। যে সব প্রকল্পের গ্রহণযোগ্যতা নেই সেগুলো যাতে বিজ্ঞান মেলায় প্রদর্শন করা না হয়, সে বিষয়ে ছাত্র-ছাত্রীদেরকে অবহিত করতে হবে। বিগত বছরে উপস্থাপিত হুবহু অনুকরণকৃত প্রকল্পসমূহ পুরস্কারের জন্য মূল্যায়ন করা যাবে না।

(খ) কমিটি মেলায় উপস্থিত সিনিয়র গ্রুপের প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক ফলাফল প্রস্তুত এবং দাখিল করবেন।

**(ঘ) প্রকল্প মূল্যায়ন ( জুনিয়র গ্রুপ) উপ-কমিটি :-**

| ক্র: নং | কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর | পদবী ও কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|
| ১ | জনাব মো: মামুন খান<br>মোবাইল : ০১৭৫৭০২৬৪৬৭ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শ্রীপুর, মাগুরা | আহবায়ক |
| ২ | জনাব প্রসেনজিৎ চক্রবর্তী<br>মোবাইল-০১৭০৮১৬১৫০২ | উপজেলা প্রকৌশলী, শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৩ | জনাব আহমেদ মাহফুজ<br>মোবাইল : ০১৭১১১৪১৪৮৬ | উপজেলা আইসিটি অফিসার, শ্রীপুর, মাগুরা | সদস্য |

**কমিটির কার্যপরিধি :**

(ক) উপজেলা পর্যায়ের বিজ্ঞান মেলাকে আকর্ষণীয় করার জন্য আগের বছরের প্রকল্পগুলোকে চিহ্নিত করতে হবে। যে সব প্রকল্পের গ্রহণযোগ্যতা নেই সেগুলো যাতে বিজ্ঞান মেলায় প্রদর্শন করা না হয়, সে বিষয়ে ছাত্র-ছাত্রীদেরকে অবহিত করতে হবে। বিগত বছরে উপস্থাপিত হুবহু অনুকরণকৃত প্রকল্পসমূহ পুরস্কারের জন্য মূল্যায়ন করা যাবে না।

(খ) কমিটি মেলায় উপস্থিত জুনিয়র গ্রুপের প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক চূড়ান্ত ফলাফল প্রস্তুত এবং দাখিল করবেন।

CamScanner

(ঙ) আলোচনা সভা, উপস্থিত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতা আয়োজন উপ-কমিটি :

| ক্র: নং | নাম | পদবী | কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|---|
| ১ | জনাব আহমেদ মাহফুজ<br>মোবাইল : ০১৭১১১৪১৪৮৬ | উপজেলা আইসিটি অফিসার | শ্রীপুর, মাগুরা | আহবায়ক |
| ২ | জনাব প্রসেনজিৎ চক্রবর্তী<br>মোবাইল : ০১৭০৮১৬১৫০২ | উপজেলা প্রকৌশলী | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৩ | জনাব মো: আব্দুল গনি<br>মোবাইল : ০১৭১২৯৫৯৩৯৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৪ | জনাব বাকী বিল্লাহ<br>মোবাইল : ০১৭২৫৭১৬৭৭৯ | একাডেমিক সুপার ভাইজার | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৫ | ইমরান মাহমুদ অমি<br>মোবাইল-০১৮৫৭-২০১০৮৮ | উপ-সহকারী প্রকৌশলী,<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | শ্রীপুর, মাগুরা | সদস্য |

কমিটির কার্যপরিধি :

(ক) কমিটি আলোচনা সভা,বিতর্ক প্রতিযোগিতা, উপস্থিত বক্তৃতার আয়োজন করবে এবং চূড়ান্ত ফলাফল প্রস্তুত ও দাখিল করবেন।

(খ) বিতর্ক প্রতিযোগিতার বিষয়বস্তু ; ১) পারমানবিক শক্তিই হতে পারে জীবাশ্ম জ্বালানীর টেকসই বিকল্প ২) প্রচলিত শিক্ষা ব্যবস্থায় আমাদের বিজ্ঞান শিক্ষার মূল অন্তরায়।

গ) উপস্থিত বক্তৃতার বিষয় : ১) গ্রীণ হাউজ ইফেক্ট ২) জীবাশ্ম জ্বালানী ৩) পরিবেশ সংক্ষণ ৪) কৃত্তিম বুদ্ধিমত্তা ৫) ভার্চুয়াল রিয়েলিটি ৬) বর্য্য ব্যবস্থাপনা ও রিসাইক্লিং ৭) যেনেটিক্যালি মডিফাইড অর্গানিজম ৮) সাইবার নিরাপত্তা ।

৪। অন্যান্য সিদ্ধান্ত :-

(ক) শ্রীপুর উপজেলায় অবস্থিত বিজ্ঞান ক্লাব, সকল ডিগ্রী কলেজ এবং মাধ্যমিক বিদ্যালয়সমূহের বাধ্যতামূলক উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষে বিজ্ঞান মেলায় অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবেন।

(খ) বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারী মাধ্যমিক বিদ্যালয়/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানকে জুনিয়র গ্রুপে ১ম, ২য়, ৩য় স্থান এবং কলেজ/ সমমানের শিক্ষা প্রতিষ্ঠানকে সিনিয়র গ্রুপে ১ম, ২য়, ৩য় স্থান নির্ধারণ করা হবে।

(গ) সকল বিভাগের বিজয়ী শিক্ষার্থীদের সার্টিফিকেট এবং পুরস্কার প্রদান করা হবে।

(ঘ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন বিজ্ঞান মেলা প্রাঙ্গণে আইন-শৃঙ্খলা পরিস্থিতি রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, শ্রীপুর থানা, শ্রীপুর, মাগুরা-কে অনুরোধ করা হয়।

(ঙ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে ০৮ ও ০৯ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীপুর, মাগুরাকে অনুরোধ করা হলো।

(চ) বিজ্ঞান মেলায় বিজয়ী প্রতিষ্ঠান/প্রতিযোগীদের নামের তালিকা জেলা প্রশাসক, মাগুরা মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০১.০৪.২০২৬

(মো: নাজমুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা
ফোন : ০১৭৩৩-৩৯৯৭৮২
unosreepurmagura@mopa.gov.bd

CamScanner

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৫৯৫.০০০.০১.০০৯.২৫-৬৪০

তারিখ : ১৮ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।

২। জেলা প্রশাসক, মাগুরা।

৩। জনাব.........................................................................(কমিটির সদস্যবৃন্দ), শ্রীপুর, মাগুরা

৪। অধ্যক্ষ (সকল)..............................................................কলেজ/সিনিয়র মাদরাসা (সকল), শ্রীপুর, মাগুরা

৫। প্রধান শিক্ষক/সুপার (সকল)...................................মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদরাসা (সকল), শ্রীপুর, মাগুরা

৬। জনাব .............................................................................
............................................................ শ্রীপুর, মাগুরা

৭। অফিস কপি।

০১.০৪.২০২৬

(মো: নাজমুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা
ফোন : ০১৭৩৩-৩৯৯৭৮২

CamScanner

১৪৩৩ বঙ্গাব্দ
২৬ খ্রিষ্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীপুর, মাগুরা
www.sreepur.magura.gov.bd

**মাগুরা জেলার শ্রীপুর উপজেলায় ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: নাজমুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>শ্রীপুর, মাগুরা |
| তারিখ | : | ০১.০৪.২০২৬ খ্রি., সময় : সকাল-১১.০০ টা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শ্রীপুর, মাগুরা। |

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি উপজেলা পর্যায়ে ৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকার ১০.০৩.২০২৬ খ্রি. তারিখের ৩৯.০৩.০০০০.০০২.৩৫.০০১.২৫-৭১(২৬২) নম্বর পত্র এবং এতদসংক্রান্ত নির্দেশনাবলী পাঠ করে শোনান। ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজন করার বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দের মতামত আহবান করা হয়। জনাব মো: আব্দুল গণি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা বলেন যে, সর্বোচ্চ সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সরাসরি অংশগ্রহণের মাধ্যমে আগামী ০৯.০৪.২০২৬ দিন ব্যাপী ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করা যেতে পারে। সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয় ;

**১। সিদ্ধান্ত : বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের ভেন্যু , তারিখ, ও সময় নির্ধারণ :** শিক্ষার্থীদের সর্বোচ্চ উপস্থিতি নিশ্চিত করে সরাসরি অংশগ্রহণের মাধ্যমে আগামী ০৯ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ ০২(দুই) দিনব্যাপী শ্রীপুর মিনি স্টেডিয়ামে ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। সিদ্ধান্ত :- বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন :** বিজ্ঞান অলিম্পিয়াডের জন্য নিম্নরূপভাবে প্রশ্নপত্র প্রণয়ন এবং মূল্যায়ন উপ-কমিটি গঠন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় :

**(ক) জুনিয়র গ্রুপ : মাধ্যমিক/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান :-**

| ক্র: নং | নাম | পদবী | কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|---|
| ১ | ডা: মো: আশরাফুজ্জামান লিটন<br>মোবাইল : ০১৭১৭-৬২৫৭২৮ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | শ্রীপুর, মাগুরা | আহবায়ক |
| ২ | জনাব মো: মামুন খান<br>মোবাইল : ০১৭৫৭০২৬৪৬৭ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৩ | জনাব মো: আব্দুল গণি<br>মোবাইল : ০১৭১২৯৫৯৩৯৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৪ | জনাব আহমেদ মাহফুজ<br>মোবাইল : ০১৭১১১৪১৪৮৬ | উপজেলা আইসিটি অফিসার | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৫ | জনাব অমিতাভ সরকার<br>মোবাইল : ০১৭১৮৪৬০১৪৮ | উপ-সহকারী প্রকৌশলী | শ্রীপুর, মাগুরা | সদস্য |

**(খ) সিনিয়র গ্রুপ : উচ্চ মাধ্যমিক/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান :-**

| ক্র:নং | নাম | পদবী | কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|---|
| ১ | ডা: মো: আশরাফুজ্জামান লিটন<br>মোবাইল : ০১৭১৭-৬২৫৭২৮ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | শ্রীপুর, মাগুরা | আহবায়ক |
| ২ | জনাব মো: হুমায়ুন কবীর<br>মোবাইল : ০১৭০১২৩৮৬১৯ | উপজেলা কৃষি অফিসার | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৩ | জনাব মো: মামুন খান<br>মোবাইল : ০১৭৫৭০২৬৪৬৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৪ | জনাব প্রসেনজিৎ চক্রবর্তী<br>মোবাইল : ০১৭০৮১৬১৫০২ | উপজেলা প্রকৌশলী | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৫ | জনাব মো: আব্দুল গণি<br>মোবাইল : ০১৭১২৯৫৯৩৯৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৬ | জনাব বাকী বিল্লাহ<br>মোবাইল : ০১৭২৫৭১৬৭৭৯ | একাডেমিক সুপার ভাইজার | শ্রীপুর, মাগুরা | সদস্য |

CamScanner

**কমিটির কার্যপরিধি :-**

(ক) বিজ্ঞান অলিম্পিয়াড একটি পরীক্ষার মাধ্যমে মেধা যাচাইয়ের জন্য এক কথায় বা একশব্দে উত্তর পদ্ধতিতে প্রশ্নপত্র তৈরি করতে হবে। যাতে প্রশ্নপত্রে শিক্ষার্থীরা উত্তর লিখতে পারেন।

(খ) কমিটি পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, গণিত এবং আইসিটি বিষয়ে ১০০টি (সকল বিষয়ের সমহারে) প্রশ্ন তৈরি করবেন।

(গ) বিজ্ঞান অলিম্পিয়াডে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অনধিক ০৫ (পাঁচ) জন শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(ঘ) কমিটি প্রশ্নপত্র তৈরির ক্ষেত্রে প্রয়োজনে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা কর্তৃক প্রণীত নিয়মাবলী অনুসরণ করবেন।

(ঙ) কমিটি লিখিত পরীক্ষা গ্রহণ শেষে তাৎক্ষণিকভাবে উত্তরপত্র মূল্যায়নপূর্বক চূড়ান্ত ফলাফল প্রস্তুতপূর্বক দাখিল করবেন।

৩। **অন্যান্য সিদ্ধান্ত :-**

(ক) শ্রীপুর উপজেলায় অবস্থিত বিজ্ঞান ক্লাব, সকল ডিগ্রী কলেজ এবং মাধ্যমিক বিদ্যালয়সমূহের বাধ্যতামূলক উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবেন।

(খ) বিজ্ঞান অলিম্পিয়াডের প্রতিটি গ্রুপের ১ম থেকে ৫ম স্থান অধিকারীগণ জেলা পর্যায়ে অনুষ্ঠিত বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করবেন।

(গ) সকল বিভাগের বিজয়ী শিক্ষার্থীদের সার্টিফিকেট এবং পুরস্কার প্রদান করা হবে।

(ঘ) বিজ্ঞান অলিম্পিয়াড প্রাঙ্গণে আইন-শৃঙ্খলা পরিস্থিতি রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, শ্রীপুর থানা, শ্রীপুর, মাগুরা-কে অনুরোধ করা হয়।

(ঙ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে ০৮ ও ০৯ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীপুর, মাগুরাকে অনুরোধ করা হলো।

(চ) বিজ্ঞান অলিম্পিয়াডে বিজয়ী প্রতিযোগীদের নামের তালিকা জেলা প্রশাসক, মাগুরা মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২.০৪.২০২৬

(মো: নাজমুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা
ফোন : ০১৭৩৩-৩৯৯৭৮২
unosreepurmagura@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৫৯৫.০০০.০১.০০৯.২৬- ৬৮২

তারিখ : ১৮ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।
২। জেলা প্রশাসক, মাগুরা।
৩। জনাব.......................................................................(কমিটির সদস্যবৃন্দ), শ্রীপুর, মাগুরা
৪। অধ্যক্ষ (সকল)....................................................কলেজ/সিনিয়র মাদরাসা (সকল), শ্রীপুর, মাগুরা
৫। প্রধান শিক্ষক/সুপার (সকল)...............................মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদরাসা (সকল), শ্রীপুর, মাগুরা
৬। জনাব ............................................................
....................................................... শ্রীপুর, মাগুরা
৭। অফিস কপি।

০২.০৪.২০২৬

(মো: নাজমুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা
ফোন : ০১৭৩৩-৩৯৯৭৮২

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীপুর, মাগুরা
www.sreepur.magura.gov.bd

**মাগুরা জেলার শ্রীপুর উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মো: নাজমুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা
তারিখ : ০১.০৪.২০২৬ খ্রি., সময় : সকাল-১১.৩০ টা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শ্রীপুর, মাগুরা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি উপজেলা পর্যায়ে ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকার ১০.০৩.২০২৬ খ্রি. তারিখের ৩৯.০৩.০০০০. ০০২.৩৫.০০১.২৫-৭১(২৬২) নম্বর পত্র এবং এতদসংক্রান্ত নির্দেশনাবলী পাঠ করে শোনান। ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজন করার বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দের মতামত আহবান করা হয়। জনাব মো: আব্দুল গণি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা বলেন যে, সর্বোচ্চ সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সরাসরি অংশগ্রহণের মাধ্যমে আগামী ০৯.০৪.২০২৬ তারিখ ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে। সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয় :

**১। সিদ্ধান্ত :-** ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা এবং কুইজ প্রতিযোগিতার প্রশ্নপত্র প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপভাবে উপ-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: নং | নাম | পদবী | কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|---|
| ১ | জনাব আহমেদ মাহফুজ<br>মোবাইল : ০১৭১১১৪১৪৮৬ | উপজেলা আইসিটি অফিসার | শ্রীপুর, মাগুরা | আহবায়ক |
| ২ | জনাব প্রসেনজিৎ চক্রবর্তী<br>মোবাইল : ০১৭০৮১৬১৫০২ | উপজেলা প্রকৌশলী | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৩ | জনাব বিধান কুমার দাস<br>মেবাইল : ০১৭১৪-৮৫০২৫৫ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৪ | জনাব বাকী বিল্লাহ<br>মোবাইল : ০১৭২৫৭১৬৭৭৯ | একাডেমিক সুপার ভাইজার | শ্রীপুর, মাগুরা | সদস্য |
| ৫ | ইমরান মাহমুদ অমি<br>মোবাইল-০১৮৫৭-২০১০৮৮ | উপ-সহকারী প্রকৌশলী,<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | শ্রীপুর, মাগুরা | সদস্য |

**বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা কমিটির কার্যপরিধি :-**

(ক) কমিটি নির্ধারিত তারিখ ও সময়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজনের সকল ধরণের পূর্বপ্রস্তুতি গ্রহণ করবেন।
(খ) কমিটি বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজনের জন্য পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, গণিত এবং তথ্য প্রযুক্তি বিষয়ক ২০টি প্রশ্ন করে মোট ১০০ টি প্রশ্ন প্রণয়ন করবেন।
(গ) কমিটি অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ফলাফল প্রস্তুত করবেন এবং ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী দলের শিক্ষার্থীগণের নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, রোল নম্বর, মোবাইল নম্বর সংবলিত তালিকা পৃথকভাবে কমিটির সকল সদস্যের স্বাক্ষরে দাখিল করবেন।
(ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানে কুইজ প্রতিযোগিতার বিষয়টি ব্যাপক প্রচার করবেন এবং অধিক সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১.০৪.২০২৬
(মো: নাজমুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা
ফোন : ০১৭৩৩-৩৯৯৭৮২
ইমেইল : unosreepurmagura@mopa.gov.bd

CamScanner

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৫৯৫.০০০.০১.০০৯.২৫- ৬৪১

তারিখ : ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।
২। জেলা প্রশাসক, মাগুরা।
৩। জনাব...................................................(কমিটির সদস্যবৃন্দ), শ্রীপুর, মাগুরা
৪। অধ্যক্ষ (সকল)..........................................কলেজ/সিনিয়র মাদরাসা (সকল), শ্রীপুর, মাগুরা
৫। প্রধান শিক্ষক/সুপার (সকল)..........................মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদরাসা (সকল), শ্রীপুর, মাগুরা
৬। জনাব ..................................................
..................................................... শ্রীপুর, মাগুরা
৭। অফিস কপি।

০১.০৪.২০২৬

(মো: নাজমুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা

CamScanner